

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
ছাগলনাইয়া, ফেনী


পত্র নং ৩৩.০২.৩০১৪.৫০১.০৯.০০১.২১.৫৮

তারিখ: ১৪/০৬/২০২৩ খ্রি.

বিষয়: ২০২৩-২৪ আর্থিক সালে শ্রমিক মজুরির চাহিদা প্রেরণ জন্য অনুমতিপত্র প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরে নিম্ন স্বাক্ষরকারী ও ০১ জন ক্ষেত্র সহকারীসহ দাপ্তরিক সকল কাজ সম্পাদন করে আসছে। দীর্ঘদিন যাবত এ দপ্তরে কোন অফিস সহায়ক নেই। ফলে প্রত্যেক দাপ্তরিক কাজে বিভিন্ন বিড়ম্বনায় পড়তে হয়। তাই দৈনিক ২০০ টাকা হারে মাসিক ২০ কার্যদিবস ধরে ৪০০০ টাকায় ০১ জন ঝাড়ুদার নিয়োজিত করতে চাচ্ছি যে অফিস সহায়ক হিসেবেও কাজ করবেন। এ জন্য ২০২৩-২৪ আর্থিক সালে “শ্রমিক (অনিয়মিত) মজুরি (১৪৪০২০৪-৩২১১১৩৪)” খাতে অত্র দপ্তরে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা অর্থ বরাদ্দের প্রয়োজন। ২০২৩-২৪ আর্থিক সালের বাজেট চাহিদা প্রেরণের জন্য এ বিষয়ে আপনার অনুমতিপত্রের প্রয়োজন।

এমতাবস্থায়, অত্র দপ্তরে “শ্রমিক (অনিয়মিত) মজুরি (১৪৪০২০৪-৩২১১১৩৪)” খাতে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা অর্থ বরাদ্দের নিমিত্ত আপনাকে অনুমতিপত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।


(শামীম আহমদ)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ছাগলনাইয়া, ফেনী
মোবাইল নং ০১৭৬৯৪৫৯৩২৪


জেলা মৎস্য অফিসার
ফেনী

পত্র নং ৩৩.০২.৩০১৪.৫০১.০৯.০০১.২১.৫৮

তারিখ: ১৪/০৬/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা
- ০২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা
- ০৩। সংশ্লিষ্ট নথি


১৪/০৬/২০২৩

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ছাগলনাইয়া, ফেনী